

# গুচ্ছ থাকছে ২০ বিশ্ববিদ্যালয় পরীক্ষা শুরু ২৫ এপ্রিল

নিজস্ব প্রতিবেদক

০৫ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক  
**আমাদের ময়ৃ**



দেশের ২০টি বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি (জিএসটি) গুচ্ছ পদ্ধতির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। খুব শিগগির গুচ্ছ ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। গুচ্ছ ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আনোয়ারুল আজীম আখন্দ এমন তথ্য জানিয়েছেন। তার আশ্বাসের পর বিশ্ববিদ্যালয় মঙ্গুরি কমিশনের (ইউজিসি) ফটকের সামনে অবরোধ করা শিক্ষার্থীরা ফিরে গেছেন।

UNIBOTS

গতকাল মঙ্গলবার সকালে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা ইউজিসি অভিটরিয়ামে গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি কমিটির ৩২তম সভায় বসেন। এর পরপরই ইউজিসির ফটকের সামনে অবস্থান নিয়ে বিক্ষেপ শুরু করেন শিক্ষার্থীরা। গুচ্ছভুক্ত ২৪ বিশ্ববিদ্যালয় রেখে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা চালু রাখার দাবি জানান তারা। দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষার্থীরা ঘরে ফিরবেন না বলেও হুশিয়ারি দেন। বৈঠক শেষে গুচ্ছ ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক অধ্যাপক আনোয়ারুল আজীম আখন্দ বলেন, শিক্ষার্থীদের দাবির সঙ্গে আমরা একমত।

কয়েকটি বিশ্ববিদ্যালয় বের হয়ে গেলেও অন্তত ২০টি বিশ্ববিদ্যালয় গুচ্ছ পদ্ধতির ভর্তি পরীক্ষায় অংশ নেবে। আজকের সভায় এটি সিদ্ধান্ত হয়েছে। খুব শিগগির আরেকটি সভায় গুচ্ছ পদ্ধতির ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ নিয়ে সিদ্ধান্ত হবে।

গুচ্ছ ভর্তি কমিটির আহ্বায়কের ঘোষণার পর আন্দোলনরত শিক্ষার্থী আবদুল মালেক সিয়াম বলেন, শিক্ষকরা যে কোনো মূল্যে অন্তত ২০টি বিশ্ববিদ্যালয় নিয়ে গুচ্ছ ভর্তি পরীক্ষা নেওয়া হবে বলে জানিয়েছেন। তাদের আশ্বাসে অবরোধ তুলে নিয়েছি।

এদিকে, বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ২৫ এপ্রিল ?সি' ইউনিটের (ব্যবসায় শিক্ষা শাখা) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২ মে 'বি' ইউনিট (মানবিক) এবং ৯ মে 'এ' ইউনিটের (বিজ্ঞান) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি বিজ্ঞপ্তি, আবেদন ফিস অন্যান্য বিষয় পরবর্তী সময়ে সভা করে সিদ্ধান্ত নেওয়া হবে এবং তা গুচ্ছ ভর্তির অফিশিয়াল ওয়েবসাইট ও গণমাধ্যমে শিগগির প্রকাশ করা হবে।